যুগান্তর

তারিখ ... 19 MAY 2016 ...
পৃষ্ঠা ...২০... কলাম ...৬... ......

সাড়ে ৪ বছর ধরে বন্ধ এমপিওভুক্তি

# চাকরি করেও বেতন পান না আইসিটি শিক্ষকরা

**যুগান্তর রিপোর্ট**

এমপিওভুক্তির দাবিতে জাতীয় প্রেস ক্লাবের সামনে লাগাতার অবস্থান ধর্মঘট পালন করছেন বিভিন্ন বেসরকারি হাইস্কুলের তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (আইসিটি) বিষয়ের শিক্ষকরা। বুধবার তাদের কর্মসূচির চতুর্থ দিন অতিবাহিত হয়। এদিন দাবির পক্ষে তারা শিক্ষামন্ত্রী নুরুল

■ পৃষ্ঠা ১৯ : কলাম ১

## আইসিটি শিক্ষকরা

(শেষ পৃষ্ঠার পর)

ইসলাম নাহিদ ও শিক্ষাসচিব মো. সোহরাব হোসাইনকে স্মারকলিপি দেন।

'বাংলাদেশ এমপিওবঞ্চিত. আইসিটি শিক্ষক' সংগঠন এ কর্মসূচির ডাক দিয়েছে। সংগঠনের সভাপতি আশিকুজ্জামান বুধবার যুগান্তরকে জানান, রোববার থেকে দিনরাত তারা প্রেস ক্লাবের ফুটপাতেই অবস্থান করছেন। দাবি আদায় না হওয়া পর্যন্ত তাদের এ কর্মসূচি চলবে। তিনি আরও বলেন, আমরা আবশ্যিক বিষয়ের শিক্ষক। আমরা যদি ক্লাস না করি, তাহলে এসএসসি-এইচএসসিতে সরকার কোনো পাস দেখাতে পারবে না। এমন যৌক্তিকতা থাকা সত্ত্বেও আমাদের সাড়ে ৪ বছর ধরে এমপিও দেয়া হচ্ছে না। ১৯৯৬ সালে মাধ্যমিক স্তরে কম্পিউটার শিক্ষা বিষয় চালু করা হয়। ২০১২ সালে বিষয়টির নাম পরিবর্তন করে রাখা হয় আইসিটি। বিগত প্রায় ২০ বছরে এ বিষয়ে অন্তত ২০ হাজার শিক্ষক নিয়োগ দেয়া হয়। এর মধ্যে অনেকের চাকরি এমপিওভুক্ত হয়। কিন্তু ২০১১ সালের ১৩ নভেম্বর এক পরিপত্রের মাধ্যমে সরকার আইসিটি শিক্ষকদের এমপিও স্থগিত করে। ফলে সেই থেকে কয়েক হাজার শিক্ষক বেতন-ভাতা ছাড়াই চাকরি করছেন। সংগঠনের সাধারণ সম্পাদক এসএম শামীমুর রহমান বলেন, তারা আবশ্যিক বিষয়ের শিক্ষক। সরকার ডিজিটাল বাংলাদেশ গড়তে চায়। কিন্তু শিশু-কিশোরদের যারা ডিজিটাল ব্যবস্থার সঙ্গে পরিচিত করার কাজ করছে, তাদের বেতন-ভাতা দেয়া হচ্ছে।